

১২

১

ইডেন কলেজ অনিদিষ্ট কালের জন্য বন্ধ ঘোষণা

(ইত্তেফাক রিপোর্ট)
গতকাল (রবিবার) ইডেন
গার্লস কলেজ অনিদিষ্টকালের জন্য

বন্ধ ঘোষণা করা হইয়াছে। প্রিন্সিপালের অপসারণের দাবীতে গত ১০/১২ দিন ধরিয়া কলেজে সৃষ্ট উত্তেজনার পরিস্থিতির প্রেক্ষিতে গতকাল কলেজ শিক্ষক পরিষদের সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী কলেজের পূর্ব ঘোষিত পরীক্ষাসমূহ অনশ্চিত হইবে। তবে আগামী ২ দিনের মধ্যে ছাত্রীদেরকে ছাত্রাবাস ত্যাগ করিতে হইবে। এদিকে (৭ম পৃ: ৮-এর ক: স্র:)

ইডেন কলেজ

(১ম পৃ: পর)

ইডেন গার্লস কলেজ বন্ধ ঘোষণার প্রতিবাদে গতকাল সন্ধ্যায় কলেজ ছাত্রীরা বিক্ষোভ মিছিল বাহির করেন। কলেজ হইতে মিছিল করিয়া ছাত্রীরা জাতীয় প্রেস ক্লাবের সম্মুখে আসিয়া এক সমাবেশের আয়োজন করে। এই সমাবেশে কলেজ বন্ধ ঘোষণার আদেশ না মানা এবং ছাত্রাবাস না ছাড়ার শপথ নেওয়া হয়। ছাত্রীদের পক্ষে সমাবেশে বক্তৃতা করেন এলেন জেরিন খান।